## তফসিল
### প্রথম অংশ : ফৌজদারী মামলাসমূহ

১। দ-বিধির ধারা ৩২৩ বা ৪২৬ বা ৪৪৭ মোতাবেক কোন অপরাধ সংঘটন করা, বে-আইনী জনসমাবেশ সাধারণ উদ্দেশ্যে হইলে এবং উক্ত বে-আইনী জনসমাবেশে জড়িত ব্যক্তির সংখ্যা দশের অধিক না হইলে দ-বিধির ১৪৩ ও ১৪৭ ধারা, ১৪১ ধারা এর তৃতীয় বা চতুর্থ দফার সহিত পঠিতব্য ।

২। দ-বিধির ধারা ১৬০, ৩৩৪, ৩৪১, ৩৪২, ৩৫২, ৩৫৮, ৫০৪, ৫০৬ (প্রথম অংশ), ৫০৮, ৫০৯ এবং ৫১০ ।

৩। দ-বিধির ধারা ৩৭৯, ৩৮০ ও ৩৮১ যখন সংঘটিত অপরাধটি গবাদিপশু সংক্রান্ত হয় এবং গবাদিপশুর মূল্য অনধিক [১][৩ (তিন) লক্ষ] টাকা হয় ।

৪। দ-বিধির ধারা ৩৭৯, ৩৮০ ও ৩৮১ যখন সংঘটিত অপরাধটি গবাদিপশু ছাড়া অন্য কোন সম্পত্তি সংক্রান্ত হয় এবং উক্ত সম্পত্তির মূল্য অনধিক [২][৩ (তিন) লক্ষ] টাকা হয় ।

৫। দ-বিধির ধারা ৪০৩, ৪০৬, ৪১৭ ও ৪২০ যখন অপরাধ সংশ্লিষ্ট অর্থের পরিমাণ অনধিক [৩][৩ (তিন) লক্ষ] টাকা হয় ।

৬। দ-বিধির ধারা ৪২৭, যখন সংশ্লিষ্ট সম্পত্তির মূল্য অনধিক [৪][৩ (তিন) লক্ষ] টাকা হয় ।

৭। দ-বিধির ধারা ৪২৮ ও ৪২৯ যখন গবাদিপশুর মূল্য অনধিক [৫][৩ (তিন) লক্ষ] টাকা হয় ।

[৬][***]

৯। উপরিউক্ত যে কোন অপরাধ সংঘটনের চেষ্টা বা উহা সংঘটনের সহায়তা প্রদান ।

---

১ "৩ (তিন) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি "৭৫ (পঁচাত্তর) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

২ "৩ (তিন) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি "৫০ (পঞ্চাশ) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(আ) ধারাবলে প্রতিস্থাপিত।

৩ "৩ (তিন) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি "৭৫ (পঁচাত্তর) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

৪ "৩ (তিন) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি "৭৫ (পঁচাত্তর) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

৫ "৩ (তিন) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি "৭৫ (পঁচাত্তর) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(ক)(অ) ধারাবলে প্রতিস্থাপিত।

৬ ক্রমিক নং ৮ গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৬ নং আইন) এর ১৫(ক)(ই) ধারাবলে বিলুপ্ত ।

[1][“দ্বিতীয় অংশ: দেওয়ানী মামলাসমূহ

| ক্রমিক নং | মামলার বিষয় | পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | কোনো চুক্তি, রশিদ বা অন্য কোনো দলিল মূলে প্রাপ্য অর্থ আদায়ের মামলা। | যখন দাবীকৃত অর্থের পরিমাণ অথবা অস্থাবর সম্পত্তির মূল্য অথবা অপরাধ সংশ্লিষ্ট স্থাবর সম্পত্তির মূল্য অথবা বকেয়া ভরণপোষণের পরিমাণ অনধিক ৩ (তিন) লক্ষ টাকা হয়। |
| ২। | কোনো অস্থাবর সম্পতি পুনরুদ্ধার বা উহার মূল্য আদায়ের মামলা। | |
| ৩। | স্থাবর সম্পত্তি বেদখল হওয়ার এক বৎসরের মধ্যে উহার দখল পুনরুদ্ধারের মামলা। | |
| ৪। | কোনো অস্থাবর সম্পত্তির জবর দখল বা ক্ষতির জন্য ক্ষতিপূরণ আদায়ের মামলা। | |
| ৫। | গরাদি পশু অনধিকার প্রবেশের কারণে ক্ষতিপূরণের মামলা। | |
| ৬। | কৃষি শ্রমিকদের পরিশোধ্য মজুরি ও ক্ষতিপুরণ আদায়ের মামলা। | |
| ৭। | কোনো স্ত্রী কর্তৃক তাহার বকেয়া ভরণপোষণ আদায়ের মামলা।<br><br>ব্যাখ্যা।—এই ক্রমিকে বর্ণিত বিধান অন্য যে কোনো আইনে প্রদয় প্রতিকারের অতিরিক্ত হিসাবে গ্রাম আদালতের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য হইবে এবং বলবৎ অন্য কোনো আইনের এখতিয়ার বর্ণ করিবে না। | |

[1] দ্বিতীয় অংশ: গ্রাম আদালত (সংশোধন) আইন, ২০২৪ (২০২৪ সনের ৩ নং আইন) এর ১০(খ) ধারাবলে প্রতিস্থাপিত।